

প্রেস রিলিজ


বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আজ ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ বৃহস্পতিবার টিসিবি মিলনায়তনে “ব্যবসায়ী ও ক্রেতার স্বার্থ সংরক্ষণে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণ” শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়।

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্য মন্ত্রী জনাব টিপু মুনশি, এমপি। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, সাবেক গভর্নর, বাংলাদেশ ব্যাংক এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শামসুল আলম, সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ড. মোঃ জাফর উদ্দীন, সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, এফবিসিআই প্রেসিডেন্ট শেখ ফজলে ফাহিম এবং কমিশনের সম্মানিত সদস্য জনাব মোঃ আব্দুর রউফ।

প্রধান অতিথি মাননীয় মন্ত্রী জনাব টিপু মুনশি, এমপি বলেন, প্রতিযোগিতা কমিশনকে আরো গভীরভাবে বিচার বিশ্লেষণ করে বের করতে হবে যেন বাজার বিপর্যস্ত না হয় এবং ভোক্তার কাছে স্বল্প মূলে সর্বোৎকৃষ্ট পণ্য ও সেবা পৌঁছানো যায়। ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন হচ্ছে সাইকেলের ২টি চাকার মত। তারা স্ব স্ব দায়িত্ব পালন করলে বাজার স্বাভাবিক গতিতে চলবে।

সেমিনারে প্রতিযোগিতা আইনের প্রয়োজনীয়তা, অর্থনীতিতে প্রতিযোগিতা আইন বাস্তবায়নের সম্ভাব্য প্রভাব, প্রাধিকারের ভিত্তিতে গবেষণার ক্ষেত্র চিহ্নিতকরণ, প্রাসঙ্গিক গবেষণার উদাহরণ, প্রতিযোগিতা আইন বাস্তবায়নের চ্যালেঞ্জ, কমিশনের সম্ভাব্য পদক্ষেপ ইত্যাদি নিয়ে ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, সাবেক গভর্নর, বাংলাদেশ ব্যাংক ও প্রতিষ্ঠাতা উপাচার্য, ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয় একটি চমৎকার প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি আরো বলেন, বাজার অর্থনীতিতে বাজারের রীতি অনুসরণ করে চলতে দেওয়াটাই মঙ্গলজনক। প্রতিযোগিতা খর্ব হয় এমন কর্মকাণ্ডের প্রতি তীক্ষ্ণ নজরদারি রাখতে হবে এবং এ ধরনের কর্মকাণ্ডে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে বলে তিনি মন্তব্য করেন।

সেমিনারে ব্যবসায়ীগণের পাশাপাশি বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের নেতৃবৃন্দ, বাণিজ্য মন্ত্রণালয় ও বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তর/সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, টিসিবি, ইপিবি, আরজেএসসি ও বিএফটিআই এর দপ্তর প্রধানসহ কর্মকর্তাবৃন্দ ও বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।


মুহাম্মদ মুনীরুজ্জামান ভূঞা
উপসচিব

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা